

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৬৭১

জিরানীয়া, ২৩, জানুয়ারি, ২০২৪

রাণীবাজারে ঘোড়ামারাছড়ার উপর আরসিসি সেতুর উদ্বোধন

সরকার দলমত নির্বিশেষে সকল অংশের মানুষের কল্যাণে কাজ করছে : পরিবহন মন্ত্রী

সরকার দলমত নির্বিশেষে সকল অংশের মানুষের কল্যাণে কাজ করছে। বর্তমান সরকার কাজের মধ্য দিয়েই মানুষের সাথে সম্পর্ক স্থাপন করেছে। সরকারের উন্নয়ন কর্মসূচির সুফলও রাজ্যের মানুষ পাচ্ছেন। আজ রাণীবাজারে ঘোড়ামারাছড়ার উপর নবনির্মিত আরসিসি সেতুর উদ্বোধন করে পরিবহন মন্ত্রী সুশাস্ত্র চৌধুরী একথা বলেন। অনুষ্ঠানে পরিবহন মন্ত্রী বলেন, ঘোড়ামারাছড়া উপর এই সেতুটি নির্মাণ করায় এলাকার দীর্ঘদিনের দাবি পূরণ হল। সেতুটি নির্মাণ হওয়ায় রাণীবাজারের সাথে দুর্গানগর সহ পার্শ্ববর্তী এলাকার যোগাযোগ ব্যবস্থা উন্নত হয়েছে। গুণগত মান বজায় রেখে নির্দিষ্ট সময়ের মধ্যেই সেতুটি নির্মাণ করা হয়েছে। তিনি বলেন, এখন উন্নয়নের জন্য রাজ্যের জনগণকে আন্দোলন করতে হয় না। সরকার সবকা সাথ সবকা বিশ্বাস ও সবকা প্রয়াসকে পাথেয় করে এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে তুলছে।

অনুষ্ঠানে পরিবহন মন্ত্রী আরও বলেন, রাণীবাজার পুর পরিষদ এলাকার উন্নয়নে আগামীদিনে বিভিন্ন পরিকল্পনা নেওয়া হচ্ছে। জিরানীয়ায় মহকুমা হাসপাতলা গড়ে তোলা হবে। এই আরসিসি সেতুটি নির্মাণে ব্যয় হয়েছে ২ কোটি ৮৫ লক্ষ ২৪ হাজার টাকা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাণীবাজার পুর পরিষদের চেয়ারপার্সন অপর্ণা শুল্কদাস, জিরানীয়া পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান প্রীতম দেবনাথ, জিরানীয়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রতন কুমার দাস, সমাজসেবী গৌরাঙ্গ ভৌমিক প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রাণীবাজার পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন প্রবীর কুমার দাস। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পূর্ত দপ্তরের তত্ত্বাবধায়ক বাস্তুকার প্রিয়বৰত পাল।
